সংবাদ

12 DEC 2006
পৃষ্ঠা ৪ কলাম ৭

২০

# জাবি শিক্ষক গোলাম মোস্তফার বিরুদ্ধে আরও তিন ছাত্রীর অভিযোগ

প্রতিনিধি, জাবি

যৌন নিপীড়নের অভিযোগে অভিযুক্ত বাংলা বিভাগের শিক্ষক ড. গোলাম মোস্তফার অপসারণ দাবিতে আন্দোলনের ঝড় উঠেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে। পৃথকভাবে বিক্ষোভ, মিছিল-সমাবেশ ও অবস্থান ধর্মঘট পালন করেছে বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষার্থী ও সাধারণ শিক্ষার্থীরা। অপরদিকে একই শিক্ষকের বিরুদ্ধে বাংলা বিভাগের আরও তিন ছাত্রী উপাচার্য অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর রহমানের কাছে যৌন নির্যাতনের লিখিত অভিযোগ করেছে।

সোমবার সকাল ১১টায় বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের শিক্ষার্থী একই বিভাগের যৌন নিপীড়ক শিক্ষক ড. গোলাম মোস্তফার অপসারণের দাবিতে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের সামনে অবস্থান ধর্মঘট পালন করেছে। পরে তারা উপাচার্য অধ্যাপক খন্দকার মুস্তাহিদুর রহমানের কাছে যৌন নিপীড়নের সুষ্ঠু তদন্ত ও অভিযুক্ত শিক্ষকের অপসারণ দাবিতে এক স্মারকলিপি দিয়েছে। এর আগে গত রোববার একই বিভাগের শিক্ষার্থী এ ঘটনা তদন্ত ও অভিযুক্তের শাস্তি দাবি করে ৭ দিনের আলটিমেটাম দিয়েছে। এছাড়া বিশ্ববিদ্যালয় প্রগতিশীল ছাত্রজোট একই দাবিতে আজ মঙ্গলবার মানববন্ধন করবে বলে এক লিখিত বিবৃতিতে জানায়। বিবৃতিতে তারা অভিযোগ করে বলেছে, বিশ্ববিদ্যালয় প্রশাসন যৌন নির্যাতনের মতো ঘটনা ধামাচাপা দেয়ার চেষ্টা করছে।